

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৯.১৬/২৩২

তারিখ: ১৫/০১/২০২৫ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৬৮/২০২৫

বিষয়ঃ আমদানিতব্য Rice Paper নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Moon Star Alliance এর ১৩/১১/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Moon Star Alliance নামক প্রতিষ্ঠান Rice Paper নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Moon Star Alliance
আবেদনকারীর ঠিকানা	House-9/11, Road-05, Badda Link Road, Dhaka.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Rice Paper
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Pre Formet
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	Thailand
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	1905.10.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Spring Roll & Samocha Sheet হিসাবে ব্যবহারের জন্য Rice Paper নামক পণ্যটি Pre Formet প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক Moon Star Alliance কর্তৃক Rice Paper ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড প্রস্তাব করা হয়েছে 1905.10.00। আমদানিকারকের আবেদনের সাথে সংযুক্ত Brochure, BCT ও Explanatory Notes পর্যালোচনা করে দেখা যায়- আমদানিতব্য পণ্যটি Spring Roll & Samocha তৈরিতে ব্যবহৃত হবে।

BCT এর হেডিং 19.05 এ উল্লেখ রয়েছে- Bread, pastry, cakes, biscuits and other bakers' wares, whether or not containing cocoa; communion wafers, empty cachets of a kind suitable for pharmaceutical use, sealing wafers, rice paper and similar products.

Explanatory Notes এর Volume-1 এর পৃষ্ঠা IV-1905-3 তে হেডিং 19.05 এ উল্লেখ রয়েছে-

Rice paper consists of thin sheets of baked and dried flour or starch paste. It is used for coating certain confectionery articles, particularly nougat.

বর্ণিত অবস্থায়, BCT এবং Explanatory Notes এর আলোকে আমদানিতব্য Rice Paper নামীয় পণ্যটি এইচ এস কোড 1905.90.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৫.০১.২০২৫

(হোসেন আহমদ)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৯.১৬/ ২৩২

তারিখ: ১৫/০১/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুদ্ধ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৭। ব্যবস্থাপনা পরিচালক, Moon Star Alliance House-9/11, Road-05, Badda Link Road, Dhaka.

তানভীর আহমেদ

(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com